গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

বিষয় : বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক, প্রশাসন ও অর্থ (অতিরিক্ত দায়িত্ব)। |
| সভার তারিখ ও সময় | : | ১০ এপ্রিল ২০২৩ তারিখ, বেলা: ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | মহাপরিচালক-এর সভা কক্ষ। |

গত ১০ এপ্রিল ২০২৩ তারিখ সোমবার বেলা ১০.০০ ঘটিকায় ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভা জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক, প্রশাসন ও অর্থ (অতিরিক্ত দায়িত্ব) ও সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

২। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি মহোদয় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমানকে ইউনিটের কার্যক্রম ও সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়াদি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ উপস্থাপন। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান ২০২২-২০২৩ অর্থবছরে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। তিনি মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতির প্রাতিষ্ঠানিক ও সক্ষমতা অর্জনের লক্ষ্যে কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর সকল কর্মসম্পাদন সূচক সকল শাখা প্রধান কর্তৃক আন্তরিকতার সঙ্গে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা, উপপরিচালক, প্রশাসন শাখা ও জনাব মোঃ কামাল হোসেন, উপপরিচালক অর্থ ও হিসাব/আইন/কল্যাণ ট্রাস্ট শাখা |
| ২ | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন। | জনাব মোঃ জিল্লুর রহমান জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর প্রাতিষ্ঠানিক কার্যক্রমের আওতায় ১.১.১ কর্মসম্পাদন সূচক অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের পরিকল্পনা রয়েছে। সে অনুযায়ী ১ম ও ২য় ত্রৈমাসিকে কমিটি পুনর্গঠনপূর্বক ইউনিটের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। তবে গত ১৩ ডিসেম্বর ২০২৩ তারিখের | ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি অপরিবর্তিত থাকলে ৪র্থ ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠনের পরিবর্তে "কমিটি অপরিবর্তিত আছে" মর্মে প্রত্যয়নপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ৩৮.২০৫.০০১.০১.০০০.০৫৯.২০১৬.১৩০ নম্বর স্মারকে গঠিত ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটি অপরিবর্তিত থাকায় ৩য় ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়নি। এ বিষয়ে প্রত্যয়নপত্র প্রদান করা হয়েছে। | | |
| ৩ | ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ। | কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান জানান, তিনি ২০২২-২৩ অর্থবছরে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সভায় উপস্থাপন করেন। তিনি জানান, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি তৈরি করে গত ২৩ মার্চ ২০২৩ তারিখে ২য় এবং ০৪ এপ্রিল ২০২৩ তারিখে ৩য় ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি ইউনিটের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। | অংশীজনের মধ্যে সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি, সেবামূল্য, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদানকারী কর্মকর্তার নাম, পদবি যোগাযোগ নম্বর উল্লেখসহ এপ্রিল-জুন, ২০২৩ ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে আগামী ১৫ মে ২০২৩ তারিখের মধ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েবসাইটে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৪ | সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন। | জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) জানান, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর সক্ষমতা অর্জনের আওতায় ২.২.১ কর্মসম্পাদন সূচক অনুযায়ী চলতি অর্থবছরে ইউনিটের অংশীজনদের সমন্বয়ে দুটি অবহিতকরণ সভা আয়োজনের পরিকল্পনা ছিল। তন্মধ্যে গত ০৯ নভেম্বর ২০২২ তারিখে প্রথম সভা এবং ১০ এপ্রিল ২০২৩ তারিখে দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়েছে। ফলে ২.২.১ সূচকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | সেবা প্রদান বিষয়ে অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী |
| ৫ | ই-নথির ব্যবহার চালুকরণ। | জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) জানান, ই-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি করে ইউনিটের সেবা প্রদান প্রক্রিয়া সহজীকরণ করা যায়। মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রদত্ত ২০২২-২০২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কর্মসম্পাদন ক্ষেত্রের ১.৩.১ কার্যক্রম অনুযায়ী কোনো দপ্তরের ৮৫% নথির নোট ই-নথিতে নিষ্পত্তির নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনাটি বাস্তবায়নের লক্ষ্যে গত ২৯ ডিসেম্বর ২০২২ তারিখে ইউনিটের | প্রশাসন শাখা, অর্থ ও হিসাব শাখা এবং আইন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণ কর্তৃক তাঁদের এখতিয়ারাধীন নথির ৮৫% ই-নথিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ আব্দুল হালিম ভূঁঞা, উপপরিচালক, প্রশাসন শাখা ও জনাব মোঃ কামাল হোসেন, উপপরিচালক অর্থ ও হিসাব/আইন/কল্যাণ ট্রাস্ট শাখা |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কর্মকর্তা-কর্মচারীদের জন্য ই-নথি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এ অবস্থায়, প্রশাসন শাখা, অর্থ ও হিসাব শাখা এবং আইন শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মচারীগণকে তাঁদের এখতিয়ারাধীন নথির ৮৫% ই-নথিতে উপস্থাপনের জন্য তিনি সভায় অনুরোধ জানান। | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

স্মারক নং-৩৮.২০৫.০০১.০১.০০০.০৫৯.২০১৬.২৭২

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
১১ এপ্রিল ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(মনিটরিং-১/২)), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন)/(অর্থ ও হিসাব)/উপপরিচালক (সকল), ..................... বিভাগ। এ ইউনিট।
৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
৫। জনাব এস এম শংকর দেব সুতার, আইন কর্মকর্তা। এ ইউনিট।
৬। জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ অফিসার। এ ইউনিট।
৭। জনাব/বেগম ...................................., এ ইউনিট।
৮। পিএ টু মহাপরিচালক, এ ইউনিট। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯। অফিস কপি।

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: +৮৮০-২-৪১০৫০৩৮৮
ই-মেইল: cpeimu2011@gmail.com